রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১২, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ চৈত্র ১৪১৭/৬ এপ্রিল ২০১১

বিষয় ঃ **প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তকরণ ও তালিকাভুক্ত অমুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই কার্যক্রম নিষ্পত্তির জন্য কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।**

নং মুবিম/প্র-৪/জেলা/উপজেলা কমিটি/০৯/২৩৩-১৫৭৭—প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তকরণ ও অমুক্তিযোদ্ধা যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিম্নোক্তভাবে উপজেলা যাচাই/বাছাই কমিটি ও জেলা কমিটি পুনর্গঠন করা হলো ঃ

(ক) **উপজেলা যাচাই-বাছাই কমিটি ঃ**

১।	নির্বাচিত উপজেলা কমান্ডার, উপজেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ	-	সভাপতি
২।	উপজেলা কমান্ডের অন্যান্য সকল নির্বাচিত প্রতিনিধি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ	-	সদস্য
৩।	সংশ্লিষ্ট উপজেলার যুদ্ধকালীন ২ (দুই) জন কমান্ডার (উপদেষ্টা কর্তৃক মনোনীত)	-	সদস্য
৪।	বিএলএফ এর একজন কমান্ডার। না পাওয়া গেলে যে কোন একজন বিশিষ্ট মুক্তিযোদ্ধা (উপদেষ্টা কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫।	যাচাই বাছাইকালে সংশ্লিষ্ট ইউনিয়ন কমান্ড এর আহবায়ক ও যুগ্ম- আহবায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ	-	সদস্য
৬।	পৌরসভা এলাকার ক্ষেত্রে যাচাই-বাছাইকালে সংশ্লিষ্ট ওয়ার্ডের ২ (দুই) জন বিশিষ্ট মুক্তিযোদ্ধা। না পাওয়া গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে মনোনয়ন করতে হবে (জেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক মনোনীত)।	-	সদস্য
৭।	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১ম শ্রেণীর একজন কর্মকর্তা	-	সদস্য-সচিব

উল্লেখ্য, কমিটির উপদেষ্টা হিসেবে বর্তমান উপজেলা কমিটির উপদেষ্টা/উপদেষ্টাগণ বহাল থাকবেন।

মূল্য ঃ টাকা ৪.০০

কমিটির কার্যপরিধি ঃ

(১) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরম এর মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করতে হবে।

(২) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তকরণ ও তালিকাভুক্ত কিংবা গেজেটভুক্ত অমুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(৩) প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইকল্পে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত নির্দেশিকা/ছক অনুযায়ী মতামত ও সুপারিশ প্রদান করতে হবে।

(৪) শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধার ক্ষেত্রেও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত ফরম/ছক অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য/সাক্ষ্য/প্রমাণাদিসহ মতামত/সুপারিশ প্রদান করবে।

(৫) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল ফরম যথাযথভাবে পূরণ করে উপজেলা যাচাই-বাছাই কমিটি তাদের মতামত ও সুপারিশ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা পুনঃ পরীক্ষা ও আপীল নিষ্পত্তি কমিটির বরাবর প্রেরণ করতে হবে।

(৬) মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যাচাই-বাছাই কার্যক্রম সম্পাদন করতে হবে।

(খ) **জেলা পুনঃ পরীক্ষা ও আপীল নিষ্পত্তি কমিটি ঃ**

১।	নির্বাচিত জেলা কমান্ডার, জেলা ইউনিট কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ	-	সভাপতি
২।	জেলা ইউনিট কমান্ডের অন্যান্য সকল নির্বাচিত প্রতিনিধি, জেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ	-	সদস্য
৩।	যুদ্ধকালীন ২ জন বিশিষ্ট মুক্তিযোদ্ধা কমান্ডার (উপদেষ্টা কর্তৃক মনোনীত)	-	সদস্য
৪।	বি,এল,এফ এর একজন কমান্ডার। না পাওয়া গেলে যে কোন একজন বিশিষ্ট মুক্তিযোদ্ধা (উপদেষ্টা কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫।	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন ১ম শ্রেণীর কর্মকর্তা (সিনিয়র সহকারী কমিশনার পদ মর্যাদার নীচে নহে)	-	সদস্য-সচিব

উল্লেখ্য, কমিটির উপদেষ্টা হিসেবে বর্তমান জেলা কমিটির উপদেষ্টা/উপদেষ্টাগণ বহাল থাকবেন।

কমিটির কার্যপরিধি ঃ

(১) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত নির্দেশিকা ও নির্ধারিত পদ্ধতি অনুযায়ী জেলা পুনঃ পরীক্ষা, আপীল নিস্পত্তি কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

(২) উপজেলা যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রেরণকৃত সুপারিশ ও মতামতের উপর বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের নির্দেশিকা ও নির্ধারিত ফরমের ভিত্তিতে সঠিকতা পুনঃ পরীক্ষা ও আপীল নিস্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

(৩) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল ফরম যথাযথভাবে পূরণ করে কেন্দ্রীয় পুনঃ পরীক্ষা ও আপীল নিস্পত্তি কমিটির বরাবরে প্রেরণ করতে হবে।

(৪) মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পুনঃ পরীক্ষা ও আপীল নিস্পত্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(গ) **মহানগর যাচাই-বাছাই কমিটি ঃ**

১।	মহানগর কমিটির মহানগর কমান্ডার/আহবায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ	-	সভাপতি
২।	মহানগর ইউনিট কমান্ড/আহবায়ক কমিটির অন্যান্য সকল সদস্য	-	সদস্য
৩।	মহানগর এলাকার সংশ্লিষ্ট থানার ২ জন বিশিষ্ট মুক্তিযোদ্ধা। না পাওয়া গেলে পার্শ্ববর্তী থানা থেকে মনোনয়ন করতে হবে (বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত)।	-	সদস্য
৪।	বি,এল,এফ এর যুদ্ধকালীন একজন কমান্ডার। না পাওয়া গেলে একজন বিশিষ্ট মুক্তিযোদ্ধা (বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত)।	-	সদস্য
৫।	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন ১ম শ্রেণীর কর্মকর্তা (সিনিয়র সহকারী কমিশনার পদ মর্যাদার নীচে নহে)	-	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি ঃ

(১) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরম এর মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করতে হবে।

(২) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তকরণ ও তালিকাভুক্ত কিংবা গেজেটভুক্ত অমুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(৩) প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইকল্পে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত নির্দেশিকা/ছক অনুযায়ী মতামত ও সুপারিশ প্রদান করবে।

(৪) শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধার ক্ষেত্রেও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত ফরম/ছক অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য/সাক্ষ্য/প্রমাণাদিসহ মতামত/সুপারিশ প্রদান করবে।

(৫) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল ফরম যথাযথভাবে পূরণ করে মহানগর যাচাই-বাছাই কমিটি তাদের মতামত ও সুপারিশ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় পুনঃ পরীক্ষা ও আপীল নিষ্পত্তি কমিটির বরাবর প্রেরণ করবে।

(৬) মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যাচাই-বাছাই কার্যক্রম সম্পাদন করতে হবে।

(ঘ) **কেন্দ্রীয় পুনঃ পরীক্ষা ও আপীল নিষ্পত্তি কমিটি ঃ**

১।	নির্বাচিত চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা	-	সভাপতি
২।	বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর অন্যান্য সকল নির্বাচিত প্রতিনিধি	-	সদস্য
৩।	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের একজন প্রতিনিধি	-	সদস্য
৪।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	-	সদস্য-সচিব

কার্যপরিধি ঃ

(১) মহানগর যাচাই-বাছাই কমিটি এবং জেলা পুনঃ পরীক্ষা ও আপীল নিষ্পত্তি কমিটি কর্তৃক প্রদত্ত মতামত ও সুপারিশের উপর চূড়ান্ত মতামত ও সুপারিশ প্রদান করে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে প্রেরণ করবে।

(২) মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পুনঃ পরীক্ষা ও আপীল নিষ্পত্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এ এফ এম হায়াতুল্লাহ
উপ-সচিব (প্রশাসন-৪)।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd